25

তারিখ ... 09 MAR 1995 ..
পৃষ্ঠা ৭ কলাম ৫

The Bangladesh Times

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

সংবাদপত্রে প্রকাশিত রেজিষ্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে নাম তালিকাভুক্তি সংক্রান্ত অত্র দফতরের ২৪-০৬-৯৩ ইং তারিখের বিজ্ঞপ্তির ক্রমধারায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদ্বারা জানানো যাচ্ছে যে, সিনেটে রেজিষ্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন ৩০-০৬-৯৪ ইং তারিখের মধ্যে অনিবার্য কারণ বশতঃ সম্ভব না হওয়ায় প্রথম সংবিধির ৪৬(৩) ধারা অনুযায়ী পরবর্তী শিক্ষা বর্ষে অর্থাৎ ১৯৯৪-৯৫ শিক্ষা বর্ষে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ২০ (১) (কে) এবং প্রথম সংবিধির ৪৬ ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিষ্টার্ড গ্র্যাজুয়েটদের ২৫ জন প্রতিনিধি নির্বাচন নিম্নলিখিত কার্যসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, নির্বাচন সংক্রান্ত চিঠি প্রত্যায়িত ডাকযোগে ইতিমধ্যে সকল ভোটারের নিকট পাঠানো হয়েছেঃ-

১। একজন প্রার্থী হিসাবে মনোনীত ব্যক্তির সম্মতিসহ মনোনয়নপত্র রেজিষ্টারের নিকট পৌছানোর শেষ তারিখ ও সময়। ঃ বুধবার, ১৫ই মার্চ, ১৯৯৫, অপরাহ্ন ৪টা পর্যন্ত।

২। মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ, সময় ও স্থান। ঃ মংগলবার, ২১শে মার্চ, ১৯৯৫, সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভা কক্ষে।

৩। মনোনয়নপত্র প্রত্যাহার করার সর্বশেষ তারিখ ঃ বৃহস্পতিবার, ৩০শে, মার্চ, ১৯৯৫ দুপুর ১টা পর্যন্ত।

৪। রেজিষ্টারের অফিসের নোটিশ বোর্ডে বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ। ঃ রবিবার, ২রা এপ্রিল, ১৯৯৫।

৫। মনোনীত ব্যক্তির (প্রার্থী) নাম, ঠিকানা ও পেশা সম্বলিত একটি তালিকা ভোটারদের নিকট পাঠানোর সর্বশেষ তারিখ ঃ বিদেশে অবস্থানকারী ভোটারদের নিকট রবিবার, ৯ই এপ্রিল, ১৯৯৫। দেশে অবস্থানকারী ভোটারদের নিকট বুধবার, ১৯শে এপ্রিল,১৯৯৫।

৬। প্রত্যেক ভোটারের নিকট অত্র অফিস থেকে প্রত্যায়িত ডাকযোগে যথাসময়ে তাঁর ফটোযুক্ত একটি পরিচয়পত্র প্রথম সংবিধির ৪৬ (৪) ধারা অনুযায়ী যথাসময়ে পাঠানো হবে এবং তিনি উক্ত সংবিধির ৪৬ (৯) ধারা অনুযায়ী উক্ত পরিচয়পত্র দেখিয়ে নিকটবর্তী ভোট কেন্দ্রে ভোট দিতে পারবেন।

৭। নির্বাচনের তারিখ ও সময় ঢাকার বাইরে ঃ রবিবার, ৩০শে এপ্রিল, ১৯৯৫, সকাল ১০টা থেকে অপরাহ্ন ১ টা পর্যন্ত।
ঢাকায় ঃ বুধবার, ৩রা মে, ১৯৯৫, সকাল ৯টা থেকে অপরাহ্ন ২টাপর্যন্ত।

৮। কেন্দ্রসমূহ ঃ (ক) ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র। (খ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম। (গ) সিলেট সরকারী কলেজ, সিলেট। (ঘ) ভিক্টোরিয়া সরকারী কলেজ, কুমিল্লা। (ঙ) রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। (চ) এম, এম, বিশ্ববিদ্যালয় কলেজ, যশোর। (ছ) রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ, ফরিদপুর। (জ) শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল। (ঝ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। (ঞ) কুমুদিনী সরকারী কলেজ, টাংগাইল (ট) ভাওয়াল বদরে আলম সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ, গাজীপুর। (ঠ) নরসিংদী সরকারী কলেজ, নরসিংদী। (ড) সরকারী তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ।

৯। সমন্বিত ফলাফল ঘোষণার তারিখ, সময় ও স্থান ঃ শনিবার ৬ই মে, ১৯৯৫, অপরাহ্ন ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভা কক্ষে।

১০। প্রতি কপি ভোটার তালিকা ১০০ (এক শত) টাকা মূল্যে রেজিষ্টার অফিসের প্রকাশনা শাখা থেকে পাওয়া যাবে।

বিঃদ্রঃ নির্বাচন উপলক্ষে প্রার্থী/ভোটারদেরকে কোন প্রকার টি, এ/ডি, এ দেয়া হবেনা।

রেজিষ্টার
ঢাকা বিশ্ববিদ্যালয়।
সি-৩২২৩